**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 23.09.2026** **Desk in Charge : SDG**

**Time: 7-50 P.M.** **Edit. & Compile: Priya B.**

**DEO: KB** **NRT: Priya B.**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ–

১/ শিল্প ক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার, দুর্গাপুজোর আগেই নতুন শিল্পনীতি ঘোষণা করবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২/চলতি অর্থবর্ষে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে, দেড় লক্ষের বেশি শূন্যপদ পূরণে সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা।

৩/ সরকার অনুমোদিত ২৫০টি বেসরকারি মাদ্রাসায় নতুন করে পড়ুয়া ভর্তি করা হবে না বলে রাজ্য সরকার জানিয়েছে।

৪/ দমকলকর্মীদের এবার পুলিশের মতোই পদক দিয়ে সম্মানিত করবে সরকার।

৫/ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মুখ্য নির্বাচন কমিশনার এবং দুই নির্বাচন কমিশনারের মধ্যে কথিত মতবিরোধ সংক্রান্ত খবরের প্রেক্ষিতে, নির্বাচন কমিশন জানিয়েছে, তাদের সমস্ত সিদ্ধান্ত ঐক্যমত্যের ভিত্তিতেই নেওয়া হয়েছে।

৬/ দীর্ঘ দু-দশকের’ও বেশী সময় পর সমাজের মূল স্রোতে ফেরার লক্ষ্যে দুই মহিলা কম্যান্ডার সহ প্রথম সারির তিন মাওবাদী নেতা আজ বাঁকুড়ায় আত্মসমর্পণ করেছেন।

৭/ পশ্চিম মধ্য এবং সংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের ওপর অবস্থানরত অতিগভীর নিম্নচাপটি ধীরে ধীরে স্থলভাগের দিকে অগ্রসর হচ্ছে। **#** এর জেরে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আগামীকাল’ও ভারী বৃষ্টির সম্ভাবনা।

*****************************************************************************

শিল্প ক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার, দুর্গাপুজোর আগেই নতুন শিল্পনীতি ঘোষণা করবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী  জানিয়েছেন। কলকাতার মিলন মেলা প্রাঙ্গণে আজ ৩৩'টি শিল্প সংস্থাকে আনুষ্ঠানিকভাবে জমি হস্তান্তরের পর তিনি বলেন, নতুন পরিবেশ-বান্ধব শিল্পনীতিতে, জমি সহ অন্যান্য ছাড়পত্রের জন্য 'এক জানলা' ব্যবস্থা চালু করা হবে। যেসব শিল্প সংস্থা রাজ্যে তাদের ইউনিটে ১০০ কোটি টাকার বেশি বিনিয়োগ করবে, সেইসব সংস্থাকে সব ধরনের ছাড় দেওয়া হবে। কর্মসংস্থানের উপর সংস্থাগুলিকে ইনসেন্টিভ দেওয়া হবে। এই জন্যে চলতি অর্থবছরের আট মাসের বাজেটে পাঁচ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

ভুল শিল্পনীতির জন্য বাম আমলে রাজ্যে ৫৪ হাজার বড়, মাঝারি ও ক্ষুদ্র শিল্প ধ্বংস হয়ে গিয়েছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। তৃণমূল কংগ্রেস সরকারের ভুল জমি নীতির সমালোচনা করে তিনি বলেন, রাজ্যে সিন্ডিকেট, তোলাবাজি বন্ধ করতে ২৪ ঘন্টার জন্য যে 'টোল ফ্রি' হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে, শিল্পপতিরাও সেখানে অভিযোগ জানাতে পারেন।

****************************

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে দেড় লক্ষের বেশি শূন্যপদ পূরণে সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা। নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পৌরহিত্যে ওই বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, চলতি অর্থবর্ষে অর্থাৎ আগামী ৬ মাসের মধ্যে ১লক্ষ ৫১ হাজার নিয়োগ হবে। রাজ্য পুলিশে ১২'হাজার এবং কলকাতা পুলিশে চার হাজার কর্মী নিয়োগ হবে।

পূর্ব মেদিনীপুরের নিমতৌড়িতে নতুন সংশোধনাগার তৈরির সিদ্ধান্ত হয়েছে। রাজ্যে পৃথক আয়ুষ দপ্তর তৈরির বিষয়টি'ও মন্ত্রিসভার বৈঠকে অনুমোদিত হয়েছে।

****************************

সরকারি অনুমোদনহীন মাদ্রাসার পর এবার পড়ুয়া শূন্য ও পরিকাঠামোহীন মাদ্রাসাগুলির বিরুদ্ধেও ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার। ২৫০টি সরকারি স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাদ্রাসায় নতুন করে ছাত্রছাত্রী ভর্তি করতে দেওয়া হবে না বলে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। চলতি শিক্ষাবর্ষে হাতে গোনা যে পড়ুয়া রয়েছে, তাদের

স্বার্থে ডিসেম্বর পর্যন্ত পঠনপাঠন চালিয়ে মাদ্রাসাগুলি বন্ধ করে দেওয়া হবে। ধাপে ধাপে আরও প্রায় আড়াই হাজার সরকারি স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাদ্রাসাও বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

উল্লেখ্য, এর আগে ২৫২টি অনুমোদনহীন মাদ্রাসা বন্ধ করে দিয়েছিল রাজ্য সরকার। পাশাপাশি, অনিয়মের অভিযোগে ১০০টি মাদ্রাসাকে ইতিমধ্যেই 'শোকজ' নোটিস পাঠানো হয়েছে। নবান্ন সূত্রের খবর, পুজোর আগেই সেই রিপোর্ট হাতে আসবে।

****************************

রাজ্যে সরকারি কর্মচারী, অবসরপ্রাপ্ত এবং বিভিন্ন সরকারি প্রকল্পের উপভোক্তাদের অক্টোবরের বেতন, পেনশন, মজুরি, স্টাইপেন্ড, সাম্মানিক এবং পারিবারিক পেনশন ওই মাসের ১৫ তারিখেই মিটিয়ে দেওয়া হবে। রাজ্যের অর্থ দপ্তর এই মর্মে বিজ্ঞপ্তি জারি করে জানিয়েছে, রাজ্য সরকারের কর্মীদের পাশাপাশি গ্র্যান্ট-ইন-এইড বা অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের কর্মীরাও ওই দিন পুজোর মাসের বেতন পেয়ে যাবেন।

এছাড়া পূর্ব ঘোষণা অনুযায়ী, অক্টোবরের বেতনের সঙ্গেই বর্ধিত হারে মহার্ঘ ভাতা এবং পেনশনপ্রাপকদের ডেয়ারনেস রিলিফ বা ডিআর প্রদান করা হবে।

****************************

মাদকের বিরুদ্ধে তাঁর সরকার, 'জিরো টলারেন্স' নীতিতেই চলবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। বিধাননগরে আজ 'নেশামুক্ত ভারত ২০২৯' কর্মসূচির সূচনা করে তিনি বলেন, বিগত দিনে এরাজ্যে যেসমস্ত অপরাধের ঘটনা ঘটেছে, অধিকাংশ ক্ষেত্রেই তার পেছনে মাদকাসক্ত লোকেরা যুক্ত। তাই মাদক মুক্ত পশ্চিমবঙ্গ গঠনই সরকারের অগ্রাধিকার। পরিসংখ্যান দিয়ে শুভেন্দু অধিকারী জানান, বিধাননগরে আজ প্রায় ৩ লক্ষ ১০ হাজার বাজেয়েপ্ত হওয়া নিষিদ্ধ কাফ সিরাপ নষ্ট করা হয়েছে। এর বাজার দর আনুমানিক ৩১ কোটি টাকা। এর আগে দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটেও ২০ কোটি টাকা মূল্যের দু'লক্ষ বোতল নিষিদ্ধ কাফ সিরাপ নষ্ট করা হয়েছিল। কাশির সিরাপ সহ নেশা দ্রবের বিরুদ্ধে পুলিশ, BSF-এর অভিযানকে স্বাগত জানান তিনি।

****************************

দেশের সমস্ত রাষ্ট্রায়ত্ত ও আঞ্চলিক গ্রামীণ ব্যাংক, আগামী ২৭'শে সেপ্টেম্বর রবিবার খোলা থাকবে বলে কেন্দ্রীয় অর্থ মন্ত্রক জানিয়েছে। ২৮ থেকে ৩০ সে সেপ্টেম্বর

‘ইউনাইটেড ফোরাম অফ ব্যাংক ইউনিয়ন’-UFBU তিন দিনের যে ব্যাংক ধর্মঘটের ডাক দিয়েছে তারই প্রেক্ষিতে এই সিদ্ধান্ত। ভারতের রিজার্ভ ব্যাংক-RBI, সব ব্যাঙ্কের শাখা, অফিস, ATM এবং কারেন্সি চেস্ট, ওইদিন সম্পূর্ণ খোলা রাখার ব্যাপারে নির্দেশিকা জারি করেছে।

****************************

জীবনের ঝুঁকি নিয়ে অন্যের প্রাণ বাঁচাতে ঝাঁপিয়ে পড়া দমকলকর্মীদের এবার পুলিশের মতোই পদক দিয়ে সম্মানিত করবে রাজ্য সরকার। রেড রোডে আজ দমকলের ২২৬’টি আধুনিক গাড়ি ও সরঞ্জাম, পরিষেবায় অন্তর্ভুক্ত করার অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একথা ঘোষণা করেন। তিনি বলেন, পূর্বতন সরকারের আমলে দমকলে চুক্তিভিত্তিক নিয়োগ হলেও এই ধরনের শৃঙ্খলাবদ্ধ ও দক্ষতানির্ভর বাহিনীতে স্থায়ী নিয়োগই প্রয়োজন। খুব শীঘ্রই পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে দমকলে মোট ১’হাজার ৪০০টি পদে স্থায়ী নিয়োগ হবে। আগামী এক বছরের মধ্যে আরও ২’হাজার ৫০০টি স্থায়ী পদ তৈরির’ও লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তারাপীঠ এবং নিউ মার্কেটে অগ্নিকান্ডে উদ্ধার কাজে দমকলকর্মীরা যে সাহসিকতার পরিচয় দিয়েছেন, তার প্রশংসা করে মুখ্যমন্ত্রী জানান, এই কাজের স্বীকৃতি হিসেবে তাঁদের ‘জীবনরক্ষা পদক’ দেওয়ার জন্য মুখ্যসচিব ও স্বরাষ্ট্রসচিবকে উদ্যোগ নিতে বলা হয়েছে।

( বাইট- শুভেন্দু )

****************************

বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মুখ্য নির্বাচন কমিশনার এবং দুই নির্বাচন কমিশনারের মধ্যে কথিত মতবিরোধ সংক্রান্ত খবর সংবাদ মাধ্যমে প্রকাশিত হওয়ার পর নির্বাচন কমিশন জানিয়েছে, তাদের সমস্ত সিদ্ধান্ত ঐক্যমত্যের ভিত্তিতেই নেওয়া হয়েছে। সম্প্রতি কমিশনের তরফে SIR সহ ৪০ টি নতুন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যেকোনো প্রতিষ্ঠানে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে আলোচনার সময় মতপার্থক্য হওয়া, একটি স্বাভাবিক প্রক্রিয়া। কমিশনের প্রত্যেক আধিকারিকের হাতে নির্বাচনী ব্যবস্থার সংস্কারে যেকোনো ধরণের প্রস্তাব দেওয়ার ক্ষমতা রয়েছে। নির্বাচন কমিশনের সমস্ত নির্দেশ, সিদ্ধান্ত এবং প্রশাসনিক কার্যক্রমের, আইনগত বৈধতা রয়েছে। নিজেদের সাংবিধানিক দায়িত্ব পালনে তারা বদ্ধপরিকর বলে কমিশন জানিয়েছে।

বিজেপির প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার বলেছেন, নির্বাচন কমিশন একটি স্বশাসিত প্রতিষ্ঠান। তাদের কর্মপদ্ধতি নিয়ে কোনো অভিযোগ থাকলে নির্দিষ্ট ফোরামেই তা' জানাতে হবে।

( বাইট- দেবজিৎ )

প্রাক্তন মুখ্যমন্ত্রী, 'মমতা- অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস' নেত্রী মমতা ব্যানার্জী, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে আইনি পদক্ষেপের দাবী জানিয়ে বলেছেন, সম্প্রতি হওয়া সমস্ত নির্বাচন বাতিল করে পুরনো ভোটার তালিকার ভিত্তিতে পুনর্নির্বাচন করতে হবে।

( বাইট- মমতা )

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের, নিজে থেকেই পদত্যাগ করা উচিত বলে মন্তব্য করেছেন, ISF বিধায়ক নৌশাদ সিদ্দিকি।

( বাইট- নৌশাদ )

CPIM পলিটব্যুরোর তরফে এক বিবৃতিতে SIR প্রক্রিয়া বাতিলের দাবী জানানো হয়েছে। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন, জ্ঞানেশ কুমার অসাংবিধানিক কাজ করেছেন।

( বাইট- সুজন )

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, সমস্ত অভিযোগের যথাযথ তদন্ত হওয়া প্রয়োজন।

( বাইট-অধীর )

*****************************

দীর্ঘ দু-দশকের'ও বেশী সময় পর সমাজের মূল স্রোতে ফেরার লক্ষ্যে দুই মহিলা কম্যান্ডার সহ একদা প্রথম সারির তিন মাওবাদী নেতা আজ আত্মসমর্পণ করেছেন।
বাঁকুড়ার পুলিশ কনফারেন্স হলে রাজ্য পুলিশের পশ্চিমাঞ্চলীয় ADG আনন্দ কুমারের হাতে মাওবাদী সংগঠনের জোনাল কমিটির দুই সদস্য জবা মাহাতো ওরফে বুলু,

নয়নতারা সাহু ওরফে মিতা এবং আঞ্চলিক কমিটির সদস্য রামপ্রসাদ মান্ডি ওরফে মহাদেব অস্ত্র তুলে দেন।

***************************

পশ্চিম মধ্য এবং সংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের উপর অবস্থানরত অতি গভীর নিম্নচাপটি ধীরে ধীরে পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হচ্ছে। আগামী তিন চার ঘণ্টার মধ্যেই এটি বিশাখাপত্তনম এবং গোপালপুরের মাঝে কলিঙ্গপত্তনামের দক্ষিণ-পশ্চিম অংশ দিয়ে স্থলভাগে প্রবেশ করা সম্ভাবনা।

এর প্রভাবে দক্ষিণবঙ্গের একাধিক জেলায় আগামীকাল'ও ভারী বৃষ্টির সম্ভাবনা। উত্তরবঙ্গেও ভারী বৃষ্টির পূর্বাভাস।

*********************************************************************